গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় সমাজসেবা একাডেমি
সমাজসেবা অধিদফতর
ই-৮/বি-১, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.nass.gov.bd

নম্বর : ৪১.০১.০০০০.০১৮.২২.০০১.১৭.৮৭৮ তারিখ: ২১/১১/১৭

বিজ্ঞপ্তি

**বিষয় : আগ্রহী ব্যক্তি / প্রতিষ্ঠান থেকে গবেষণা প্রস্তাবনা আহবান।**

**সমাজকল্যাণ মন্ত্রণালয়** এর অধীন সমাজসেবা অধিদফতরের **জাতীয় সমাজসেবা একাডেমি** একটি জাতীয় পর্যায়ের প্রশিক্ষণ একাডেমি। গবেষণার আলোকে রাষ্ট্রিয় চাহিদা অনুসারে কার্যকর প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ, যোগ্য, সক্ষম, উদ্যোগী প্রতিশ্রুতিবদ্ধ পেশাজীবী সমাজকর্মী গড়ে তোলার অভিলক্ষ্য নিয়ে জাতীয় সমাজসেবা একাডেমি কাজ করে যাচ্ছে।নিম্নের উদ্দেশ্যসমূহকে সামনে রেখে জাতীয় সমাজসেবা একাডেমি ২০১৯-২০২০ এবং ২০২০-২১ অর্থবছরের গবেষণা কাজ শুরু করতে যাচ্ছে।

**গবেষণা কাজের উদ্দেশ্যসমূহ :**

১. একাডেমি'র প্রশিক্ষণ কার্যক্রমের সাথে সরাসরি সম্পৃক্ত কর্মকর্তা ও বিশেষ যোগ্যতাসম্পন্ন কর্মচারীদের পেশাদারিত্বের উন্নয়নের লক্ষ্যে একাডেমি'র কর্মকর্তা-কর্মচারীদের গবেষণা / প্রয়োগিক গবেষণা কাযর্ক্রমে অংশগ্রহণে উৎসাহিত করা;

২. একাডেমি পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রমকে সহায়তা প্রদানের জন্য গবেষণা করা;

৩. দেশের সার্বিক উন্নয়নের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন সমস্যার উপর গবেষণা কার্যক্রম পরিচালনা;

৪. সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন কার্যক্রমের মূল্যায়ন ও উন্নয়ন সংক্রান্ত;

**গবেষণা প্রস্তাবের বিষয়সমূহ :**

১. ভূমিকা / গবেষণা সমস্যা
২. গবেষণার যৌক্তিকতা
৩. গবেষণার উদ্দেশ্য
৪. গবেষণার পরিধি
৫. গবেষণা পদ্ধতি (বিশদ বিবরণসহ)
৬. বিশ্লেষণ / উপাত্ত উপস্থাপন পরিকল্পনা
৭. গবেষণা প্রকল্পে নিয়োগযোগ্য ব্যক্তিবর্গ
৮. কর্মপরিকল্পনা / সময়সীমা
৯. বাজেট
১০. গবেষণা প্রকল্পের পরিচালক এর জীবন বৃত্তান্ত।

**গবেষণার বিষয়াদি :**

সমাজসেবা অধিদফতর সরকারের অন্যান্য জাতিগঠনমূলক প্রতিষ্ঠানগুলোর মধ্যে অন্যতম। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে ১৫(ঘ) অনুচ্ছেদের আলোকে দেশের বিভিন্ন অনগ্রসর শ্রেণির জন্য সাংবিধানিক অঙ্গীকার পূরণের লক্ষ্যে সরকারের অভিপ্রায় বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করার ক্ষেত্রে এ অধিদফতর পথিকৃৎ হিসেবে স্বীকৃত। প্রথম দিকে কল্যাণকামী দৃষ্টিভঙ্গি (Welfare Approach) নিয়ে কাজ করলেও বর্তমানে এ অধিদফতর অধিকার ও ক্ষমতায়ন দৃষ্টিভঙ্গি (Right Based and Empowerment Approach) নিয়ে নতুন নতুন কার্যক্রম গ্রহণ করছে।

**প্রশাসন ও অর্থ অধিশাখা :**

সমাজসেবা অধিদফতরের প্রশাসন, অর্থ, বাজেট, শৃঙ্খলা, তদন্ত, পরিকল্পনা, গবেষণা, মূল্যায়ন, প্রশিক্ষণ, প্রকাশনা, গণসংযোগ, ভান্ডার সংরক্ষণ, যন্ত্রপাতি, মুদ্রণ ও মনোহারী দ্রব্য ও যানবাহন ইত্যাদি সংগ্রহ ও ব্যবস্থাপনার কাজ এই অধিশাখা করে থাকে।

**কার্যক্রম এবং সামাজিক নিরাপত্তা অধিশাখা :**

সমাজসেবা অধিদফতরের ক্ষুদ্রঋণ কর্মসূচিসমূহ, বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা দুস্থ মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, চিকিৎসা ও প্রবেশন কর্মসূচি, স্বেচ্ছাসেবী সংস্থা নিবন্ধনসহ সকল সামাজিক নিরাপত্তা কর্মসূচির কার্যক্রমসমূহ বাস্তবায়ন ও মনিটরিং এর কাজ এই অধিশাখার মাধ্যমে সম্পাদিত হয়।

**প্রতিষ্ঠান অধিশাখা :**

সমাজসেবা অধিদফতরের প্রতিষ্ঠান শাখা এতিম ও অনাথ শিশু, প্রতিবন্ধী, দুস্থ, ভবঘুরে, অপরাধপ্রবণ ও সামাজিক প্রতিবন্ধী ব্যক্তিদের উন্নয়নে সংশ্লিষ্ট সকল প্রাতিষ্ঠানিক কার্যক্রমের বাস্তবায়ন, নিয়ন্ত্রণ ও মনিটরিং কাজ এই অধিশাখার মাধ্যমে সম্পাদিত হয়।

অর্থাৎ সমাজসেবা অধিদফতরের প্রদত্ত যে কোন সেবা, কার্যক্রম / কর্মসূচি / প্রকল্প কিংবা অপারেশনাল প্রশাসনিক কাজের / দপ্তর, জনবল কাঠামো বিষয়ে গবেষণার প্রস্তাবনা দাখিল করা যাবে। অধিদফতরসহ সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য ওয়েব সাইট : www.dss.gov.bd , www.msw.gov.bd এবং www.nass.gov.bd ভিজিট করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

**গবেষণা প্রস্তাবনা দাখিল :**

১. অধ্যক্ষ, জাতীয় সমাজসেবা একাডেমি, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা বরাবরে আগ্রহী ব্যক্তি / প্রতিষ্ঠানকে সমাজসেবা অধিদফতরের প্রদত্ত যে কোন সেবা, কার্যক্রম কিংবা অপারেশনাল প্রশাসনিক কাজের বিষয়ে গবেষণার প্রস্তাবনা সরাসরি / ডাকযোগে ০২ (দুই) সেট দাখিল করবেন।

২. গবেষণা প্রস্তাবনা দাখিলে সর্বশেষ সময় সীমা : **১২ ডিসেম্বর ২০১৯** অফিস চলাকালীন সময় অর্থাৎ বিকাল ৫টা।

৩. **এই গবেষণা কাজ জাতীয় সমাজসেবা একাডেমির গবেষণা কাজ পরিচালনা বিষয়ক মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর কর্তৃক জারীকৃত পরিপত্র দ্বারা নিয়ন্ত্রিত হবে। যা একাডেমি'র তথ্য বাতায়ন (www.nass.gov.bd) পাওয়া যাবে।**

৪. বিশেষ প্রয়োজনে যোগাযোগ :

মো: জহিরুল ইসলাম, প্রভাষক ও উপাধ্যক্ষ (অতি:দা:) এবং দায়িত্বপ্রাপ্ত গবেষণা কর্মকর্তা, জাতীয় সমাজসেবা একাডেমি।

মোবাইল : ০১৭০৮৪১৪০৮৩, ই-মেইল : zahirulislam@dss.gov.bd

(এম এম মাহমুদুল্লাহ)
অধ্যক্ষ
জাতীয় সমাজসেবা একাডেমি

**অনুলিপি সদয় জ্ঞাতার্থ ও কার্যার্থ বিতরণ :(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন ও অর্থ)/ কার্যক্রম / প্রতিষ্ঠান, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
৪. পরিচালক, ইনস্টিটিউট অব সোশ্যাল ওয়েলফেয়ার এন্ড রিসার্স, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৫. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল)।
৭. তত্ত্বাবধায়ক / উপতত্তাবধায়, শিশু পরিবার / শিশু উন্নয়ন কেন্দ্র / সরকারি আশ্রয়কেন্দ্র/ দিবাকালীন শিশু যত্ন কেন্দ্র।
৮. সমাজসেবা অফিসার, উপজেলা / শহর / হাসপাতাল সমাজসেবা কার্যালয় (সকল)
৯. প্রবেশন অফিসার, প্রবেশন কার্যালয় (সকল)
১০. জনাব / বেগম.............................................................................
১১. অন্যান্য আগ্রহী ব্যক্তি / গবেষণা প্রতিষ্ঠান।